

জেলা

## হাজী দানেশ বিশ্ববিদ্যালয়ে র্যাগিং, ছয় শিক্ষার্থী বিভিন্ন মেয়াদে বহিষ্কার

প্রতিনিধি দিনাজপুর



দিনাজপুর জেলার মানচিত্র

দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে র্যাগিংয়ে জড়িত থাকায় ছয় শিক্ষার্থীকে শিক্ষা কার্যক্রম থেকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করা হয়েছে। একই সঙ্গে তিন শিক্ষার্থীকে সতর্ক করা হয়েছে। এ বিষয়ে সোমবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার সাইফুর রহমান স্বাক্ষরিত চিঠি ওই ৯ শিক্ষার্থীর কাছে পৌঁছে দেওয়া হয়।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, ওই ৯ শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের ২২ ব্যাচের শিক্ষার্থী। ২৪ আগস্ট  
বিশ্ববিদ্যালয়ের ২০২৩ শিক্ষাবর্ষের কয়েকজন নবাগত শিক্ষার্থীকে বিভিন্নভাবে ক্যাম্পাসে ও আবাসিক ছাত্রাবাস-সংলগ্ন  
এলাকায় হয়রানি করা হয়। হয়রানির শিকার ওই শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে অভিযোগ করেন। এর  
পরিপ্রেক্ষিতে বিষয়টি তদন্ত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অভিযুক্ত শিক্ষার্থীদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে। তবে  
তাৎক্ষণিকভাবে ওই শিক্ষার্থীদের নাম প্রকাশ করেনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

অভিযুক্ত এক শিক্ষার্থীকে দেওয়া চিঠিতে বলা হয়েছে, ‘২৪ আগস্ট বিশ্ববিদ্যালয়ে সংঘটিত রংগ্যাগিংয়ের ঘটনায় আপনার  
বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় বিশ্ববিদ্যালয় প্রশাসন রংগ্যাগিং প্রতিরোধ ও প্রতিকার নীতিমালা ২০২১-এর ৬ ধারার  
আলোকে গঠিত মূল কমিটির সুপারিশক্রমে এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে একাডেমিক কার্যক্রমে আপনাকে ২ সেমিস্টার  
বহিকার করা হয়েছে, যা ২৪ আগস্ট ২০২৩ থেকে কার্যকর বলে গণ্য হবে।’

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রস্তর মামুনুর রশিদ বলেন, ‘ওই শিক্ষার্থীদের বিষয়ে বিশ্ববিদ্যালয় নীতিমালা অনুযায়ী ব্যবস্থা  
নেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয় থেকে রংগ্যাগিং নির্মূল করতে আমরা কাজ করে যাচ্ছি। ভবিষ্যতে কেউ রংগ্যাগিং অপরাধে  
যুক্ত আছে, এমন প্রমাণ পেলে আরও কঠোর ব্যবস্থা নেওয়া হবে।’



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো